**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 24-09-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM-SEVA SANKALP** :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে ‘সেবা সংকল্প অভিযান’-এর আওতায় ভাদনগর থেকে বারাণসী পর্যন্ত ‘সেবা যাত্রা’র অংশগ্রহণকারীদের সঙ্গে মতবিনিময় করবেন। ১৭ সেপ্টেম্বর শুরু হওয়া এই যাত্রায় অংশগ্রহনকারীরা বিভিন্ন রাজ্য, জেলা, তালুক ও গ্রামে পরিচ্ছন্নতা অভিযান, জনসাধারণের সঙ্গে মতবিনিময় এবং বিভিন্ন সমাজসেবামূলক কর্মসূচিতে অংশ নিচ্ছেন। ভাদনগর থেকে বারাণসী পর্যন্ত এই যাত্রায় ১০টি দল অংশ নিয়েছে এবং যাত্রাটি আগামী ৭ই অক্টোবর পর্যন্ত চলবে। প্রধানমন্ত্রীর জনজীবনের ২৫ বছর পূর্তি উপলক্ষে বৃহত্তর ‘সেবা সংকল্প অভিযান’-এর অংশ হিসেবে যুবসমাজের অংশগ্রহণ ও জনসংযোগ  বাড়ানোই এই উদ্যোগের মূল লক্ষ্য।

*******************

**Finance Minister Ex-gratia :**

রাজ্য সরকারী কর্মচারী ও পেনশনভোগীদের জন্য আসন্ন দুর্গা পূজা উপলক্ষে উৎসব অনুদানের হার বৃদ্ধি করেছে|গতকাল মহাকরণে সাংবাদিক সম্মেলনে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় একথা জানান| তিনি জানান, এর ফলে, নিয়মিত ও চুক্তিভিত্তিক কর্মী মিলিয়ে ১ লক্ষ ৪৮ হাজার ৫০১ জন, এবং ৮৫ হাজার ৯১৬ জন পেনশনভোগী, পারিবারিক পেনশনভোগী উপকৃত হবেন। এবছর উৎসব অনুদান বাড়ানো হয়েছে ৩০০ টাকা করে| এই বাবদ রাজ্য সরকারের ব্যয় হবে ৪৭ কোটি ১৬ লক্ষ টাকা। অর্থমন্ত্রী জানান, গ্রুপ সি, গ্রুপ ডি, অর্থ দপ্তর

অনুমোদিত স্থির বেতনের গ্রুপ সি, গ্রুপ ডি কর্মী DRW কর্মীরা উৎসব আগাম হিসাবে ২০ হাজার টাকা করে নিতে পারবেন। অঙ্গনওয়াড়ি কর্মী ও সহায়িকা, হোমগার্ডদের জন্য এই আগামের পরিমান হবে ৫ হাজার টাকা এবং NHM এর আশাকর্মীরা আগাম হিসাবে ২000 টাকা পাবেন।

*******************

**Khowai Tulashikhar  ADC VC:**

এডিসির ভিলেজ কমিটি নির্বাচনকে সামনে রেখে তুলাশিখর ব্লকে সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। রিটার্নিং অফিসার বিশ্ব দেববর্মা গতকাল জানান, ব্লকের ২৩টি ভিলেজ কমিটির মধ্যে ১৬টিতে মোট ৫৭টি আসনে নির্বাচন হবে। ভোটগ্রহণের জন্য রয়েছে ২৮টি পোলিং স্টেশন। শান্তিপূর্ণ ভোটের জন্য নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। বেহালাবাড়ি ও ভারত সরদার পাড়া স্কুলে বিএসএফ এবং রাজনগরে টিএসআর জওয়ান মোতায়েন করা হয়েছে। আগামী ২৮ সেপ্টেম্বর ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

*********************

**ECI :**

নির্বাচন কমিশন জানিয়েছে, ভোটার তালিকা সংশোধনসহ সমস্ত সিদ্ধান্ত সর্বসম্মতভাবে নেওয়া হয়েছে। সাম্প্রতিক মাসগুলিতে প্রায় ৪0টি নতুন উদ্যোগ চালু করা এবং বিশেষ নিবিড় সংশোধন বা SIR-সহ বিভিন্ন নির্বাচনী সংস্কার করা হয়েছে বলে কমিশন জানিয়েছে। কমিশনের মতে, আলোচনার সময় মতপার্থক্য স্বাভাবিক এবং তা সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ারই অংশ। কমিশন আরও জানিয়েছে, তাদের সমস্ত সিদ্ধান্ত ও নির্দেশিকা প্রতিষ্ঠিত বিধিবদ্ধ প্রক্রিয়া মেনেই জারি করা হয় এবং ECINet-এর মতো ডিজিটাল প্ল্যাটফর্মে কঠোর তথ্য-নিরাপত্তা ব্যবস্থা রয়েছে।

*********************

**Puja festival-Traffic :**

আসন্ন শারদোৎসবকে সামনে রেখে আগরতলায় যানজট নিয়ন্ত্রণে মহারাজগঞ্জ বাজারের ব্যবসায়ী ও বাজার কমিটির সদস্যদের সঙ্গে গতকাল বৈঠক করেছে ট্রাফিক পুলিশ। ট্রাফিক পুলিশ সুপার কান্তা জাহাঙ্গীর জানান, পুজোর সময় অবৈধ পার্কিং এবং রাস্তায় বড় গাড়ি দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকায় যানজট বাড়ে। সমস্যা সমাধানে ব্যবসায়ীদের সহযোগিতা চাওয়া হয়েছে। পরবর্তী সময়ে শহরের অন্যান্য বাজার, ইউনিয়ন ও মোটরস্ট্যান্ডেও একই ধরনের বৈঠক করা হবে।

*************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে সেপ্টেম্বর রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হতে যাচ্ছে 'মন-কি-বাত' এর ১৩৮তম পর্ব| প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত' এ জানানোর আহ্বান জানিয়েছেন| my gov open forum –এ এবং নমো APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন| এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে| ফোন এবং মেসেজ পাঠানো যাবে আগামীকাল রাত ১১টা ৪৫ মিনিট পর্যন্ত|

****************

**Natural Farming, Sonamura:**

প্রাকৃতিক চাষের গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে কৃষকদের সচেতন করতে সোনামুড়া টাউন হলে গতকাল এক কর্মসূচি অনুষ্ঠিত হয়। বক্সনগর কৃষি

মহকুমার উদ্যোগে আয়োজিত এই কর্মসূচিতে সোনামুড়া ও বক্সনগর এলাকার প্রায় ৯0 জন কৃষক অংশ নেন।কৃষকদের রাসায়নিক সারমুক্ত ও সুস্থায়ী প্রাকৃতিক চাষে উৎসাহিত করা হয়। অনুষ্ঠানে কৃষি গবেষণা কেন্দ্রের আধিকারিকসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

********************

**Footbal – Sabroom:**

সাব্রুম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে আয়োজিত পূর্ণেন্দু শীল্ড নক-আউট ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ান হয়েছে রয়েল বয়েজ। গতকাল ফাইনাল ম্যাচে সাব্রুমের রয়েল বয়েজ এক–শূন্য গোলে সোনাইয়ের টাইগার কিং দলকে পরাজিত করে।

*********************

**Weather :**

বঙ্গোপসাগরের পশ্চিম-মধ্য এবং সংলগ্ন উত্তর-পশ্চিম অংশে উদ্ভূত গভীর নিম্নচাপের প্রভাবে আজকের আকাশ সাধারণত মেঘলা থাকবে।রাজ্যের পশ্চিম, সিপাহীজলা ও দক্ষিণ জেলায় ভারী বর্ষণ ছাড়া বাকি জেলাগুলিতে বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে|দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রী সেলসিয়াস। সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টিপাত ১১ মিলিমিটার৷

*************

************